গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/ ১৫৮৬ তারিখঃ ২৫/০১/২০১৬

প্রতি,

১। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ................................... ।

২। উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
............................উপজেলা, জেলাঃ ............................. ।

বিষয় ঃ **দরপত্র দলিল অনুযায়ী কার্য চুক্তি ব্যবস্থাপনা ও শর্ত ভংগকারী ঠিকাদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাস্তবায়নকারী (ক্রয়কারী) কর্তৃক সঠিকভাবে চুক্তি ব্যবস্থাপনার প্রাসঙ্গিক Clause সমূহের যথাযথ প্রয়োগ না করার ফলে এলজিইডি'র উল্লেখযোগ্য সংখ্যক এবং গুরুত্বপূর্ণ কাজ বাস্তবায়নে অধিক সময় ব্যয়িত হচ্ছে বা কোন কোন ক্ষেত্রে চুক্তিটি দীর্ঘদিন ধরে অনিস্পত্তি অবস্থায় পড়ে থাকছে। ফলে, মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন ভৌত কাজের অগ্রগতি আশানুরূপ ও সময়ানুপাতিক হচ্ছে না এবং এলজিইডি'র ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। চুক্তি স্বাক্ষরের পর ঠিকাদার কর্তৃক মূলত যে গাফিলতি পরিলক্ষিত হচ্ছে তা নিম্নরূপঃ

- দরপত্র দলিলের GCC & PCC Clause (PW2: GCC 21.1 & PW3: 41.1) অনুযায়ী যথাসময়ে Work Program দাখিল না করা;
- দরপত্র দলিলের GCC & PCC Clause (PW2: 18.1 & PW3: 39.2) অনুযায়ী Work Program এ উল্লেখিত কাজ শুরুর দিন (Start Date) কাজ শুরু না করে ফেলে রাখা;
- দরপত্র দলিলের GCC & PCC Clause (PW3: 41.1) অনুযায়ী বাস্তবায়ন পর্যায়ে প্রয়োজন মাফিক Updated Work Program দাখিল না করা;

অপরদিকে সঠিকভাবে চুক্তি ব্যবস্থাপনার বিষয়ে বাস্তবায়নকারী (ক্রয়কারী) কর্তৃপক্ষ কর্তৃক মূলত নিম্নরূপ শৈথিল্য পরিলক্ষিত হচ্ছেঃ

- দরপত্র দলিলে GCC Clause (PW2: 5.1 & PW3: 6.1) অনুযায়ী চুক্তি স্বাক্ষরের পর Contract Document প্রস্তুত না করা;
- দরপত্র দলিলের GCC & PCC Clause (PW2: 10.1 & PW3: 13.1) অনুযায়ী ঠিকাদারকে যথাসময়ে Site Handover এর উদ্যোগ গ্রহণ না করা;
- দরপত্র দলিলের GCC & PCC Clause (PW2: GCC 21.1 & PW3: 41.2) অনুযায়ী ঠিকাদারের নিকট হতে সঠিকসময়ে Work Program বুঝে না নেওয়া এবং অনুমোদনের উদ্যোগ গ্রহণ না করা;
- দরপত্র দলিলের GCC & PCC Clause (PW2: 18.1 & PW3: 39.2) অনুযায়ী Work Program এ উল্লেখিত কাজ শুরুর দিন (Start Date) ঠিকাদার কর্তৃক কাজ শুরুর উদ্যোগ গ্রহণ না করা হলে এ বিষয়ে কোন তাগিদ প্রদান না করা;
- দরপত্র দলিলের GCC Clause [PW2: 46.1(b)(i) & PW3: 87.1(a)(i)] অনুযায়ী ঠিকাদার কর্তৃক Work Program অনুসরণ না করে ২৮ দিনের অধিক সময়কাল কাজ বন্ধ রাখা/শুরু না করার প্রেক্ষিতে ঠিকাদারের সাথে চুক্তি বাতিলের উদ্যোগ গ্রহণ না করা।

এমতাবস্থায়, চুক্তি ব্যবস্থাপনার আবশ্যকীয় শর্তাবলী অনুসরনপূর্বক উল্লিখিত পদ্ধতি যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ দেওয়া হলো। বিশেষ করে চুক্তি স্বাক্ষরের পর ঠিকাদার কর্তৃক অব্যাহতভাবে ২৮ দিন কাজ শুরুর কোন উদ্যোগ গ্রহণ না করা হলে/কাজ বন্ধ রাখলে দ্রুততম সময়ে Contract Document এর বিধি-বিধান অনুসরণপূর্বক চুক্তি বাতিলের উদ্যোগ গ্রহণ ও PPA-2006 ও PPR-2008 অনুসরণপূর্বক নতুন ঠিকাদার নির্বাচনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হলো। ব্যর্থতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে অদক্ষতার জন্য বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বিষয়টি জরুরী।**

২৫/১/২০১৬

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি ঃ কার্যার্থে।
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

D:\e-GP Letter\e-GP Letter (2015-16).doc